



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.১৯৬

তারিখ: ৬ বৈশাখ ১৪২৯

১৯ এপ্রিল ২০২২

বিষয়: পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন মিরুখালী স্কুল এন্ড কলেজ ইংরেজি ও অর্থনীতি বিষয়ে নিয়োগপ্রাপ্ত জনাব ফারজানা ইয়াসমিন ও সুব্রত কর্মকার এর বিরুদ্ধে জনাব নাসরিন আক্তার জাল নিবন্ধন সনদ ব্যবহার করে এমপিওভুক্তির চেষ্টার একটি অভিযোগ

দুর্নীতি দমন কমিশন, ঢাকা এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.০৫৩.২১-১৭২২১, তারিখ-১১/০৮/২০২০খ্রি. মোতাবেক পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন মিরুখালী স্কুল এন্ড কলেজ ইংরেজি ও অর্থনীতি বিষয়ে নিয়োগপ্রাপ্ত জনাব ফারজানা ইয়াসমিন ও সুব্রত কর্মকার এর বিরুদ্ধে জনাব নাসরিন আক্তার জাল নিবন্ধন সনদ ব্যবহার করে এমপিওভুক্তির চেষ্টার একটি অভিযোগ দায়ের করেন।

বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (কলেজ) এবং সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, বরিশালকে দায়িত্ব প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত: জনাব নাসরিন আক্তার, সহকারী শিক্ষক (ইংরেজি), মিরুখালী স্কুল এন্ড কলেজ, মঠবাড়িয়া, পিরোজপুর অভিযোগ দাখিল বা প্রত্যাহারের আগেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল হতে অভিযোগের সত্যতা পাওয়ায় অধ্যক্ষ মিরুখালী স্কুল এন্ড কলেজ, মঠবাড়িয়া, পিরোজপুরকে সনদ জালকারী শিক্ষকদ্বয়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদনের পর্যালোচনা ও মতামত বিশ্লেষণপূর্বক পরিলক্ষিত তথ্যের প্রেক্ষিতে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য অধ্যক্ষ, সংশ্লিষ্ট শিক্ষককে অনুরোধ করা হলো। উল্লিখিত সময়ের মধ্যে জবাব প্রদান না করলে জবাব নেই বলে ধরে নেয়া হবে। একই বিষয়ে গভর্নিং বডি'র সভাপতিকে তিন কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

- ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, মিরুখালী স্কুল এন্ড কলেজ, পিরোজপুর।
- ২) অধ্যক্ষ, মিরুখালী স্কুল এন্ড কলেজ, পিরোজপুর।
- ৩) জনাব ফারজানা ইয়াসমিন, প্রভাষক (ইংরেজি)

মিরুখালী স্কুল এন্ড কলেজ, পিরোজপুর।


৪) সুব্রত কর্মকার, প্রভাষক (অর্থনীতি), মিরুখালী স্কুল এন্ড কলেজ, পিরোজপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.১৯৬/১

তারিখ: ৬ বৈশাখ ১৪২৯
১৯ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন



১৯-৪-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক